মধুপুরে পিচ ঢালা রাস্তায় এখন হাবড় কাঁদা

এক সময় ছিল পাঁকা রাস্তা, এখন হয়ে গেছে মাটির। শুধু মাটির নয় রিতিমত হাঁবড়। গত ১২ বছর সংষ্কার না হওয়ায় এক সময়ের পিচের রাস্তাটি এখন মাটির রাস্তায় পরিণত হয়েছে। রাস্তার পিচ-পাথর উঠে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। এখন আর বোঝার উপায় নেই এখানে এক সময় পাঁকা রাস্তা ছিল।

বর্তমান অবস্থা এতোটাই খারাপ যানবাহন তো দুরের কথা পথচারী এমনকি গরু ছাগলও হেটে যাতায়াত করতে পারছে না। এই অবস্থা ঝিনাইদহ সদর উপজেলার পোড়াহাটী ইউনিয়নের দূর্গাপুর গ্রামের। গ্রামবাসি সিদ্দিক হোসেন জানান, বিজয়াপুর ও শৈলকুপা উপজেলার পিড়াগাতি গ্রামের মাঝে এই দুই কিলোমিটার রাস্তা দুই উপজেলাবাসির জন্য খুবই জনগুরুত্বপুর্ন। অথচ এলজিইডি’র আওতাভুক্ত এই রাস্তাটি যোগাযোগের ক্ষেত্রে গুরুত্বপুর্ন হলেও নির্মানে কোন গুরুত্ব নেই।

ফলে বছরের পর বছর কাঁদায় নিমজ্জিত থাকে সবচে গুরুত্বপুর্ন এই সড়কটি। দূর্গাপুর গ্রামের বাসিন্দা আবু বক্কর জানান, মাত্র দুই কিলোমিটার রাস্তার জন্য দুই উপজেলার ২০ গ্রামের মানুষ ৩০ কিলোমিটার ঘরে ঝিনাইদহ জেলা শহরে আসেন। অথচ রাস্তার দুই পাশে ৩২ কিলোমিটার উন্নতমানের পাকা রাস্তা আছে। সরেজমিনে দেখা গেছে, ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের ঝিনাইদহ অংশের পাঁচমাইল নামক স্থান থেকে উত্তর দিকে এই রাস্তাটি ঝিনাইদহের বিজয়পুর, দুর্গাপুর, শৈলকুপার পিড়াগাতি, ফাদিলপুর হয়ে শৈলকুপা উপজেলা শহরে মিলেছে। অন্যদিকে দূর্গাপুর গ্রাম থেকে ঝিনাইদহ শহর পর্যন্ত ১৪ কিলোমিটার রাস্তাও পিচঢালা।

কিন্তু ঝিনাইদহ সদর উপজেলার দূর্গাপুর ও শৈলকুপার পিড়াগাতি গ্রামের মাঝে দুই কিলোমিটার সড়ক রয়েছে চলাচলের একেবারেই অযোগ্য। রাস্তায় বড় বড় গর্ত। এই গর্ত পেরিয়ে ভারী যানবাহন, ভ্যান-রিক্সা দুরের কথা এখন আর পাঁয়ে হেটেও পথ পাড়ি দেওয়া যাচ্ছে না। এখন আর রাস্তাটি দেখে বোঝার উপায় নেই এখানে এক সময় পাঁকা রাস্তা ছিল। শৈলকুপা উপজেলার পিড়াগাতি গ্রামের আলিনুর রহমান জানান, ফাদিলপুর বাজারটি শৈলকুপা উপজেলার বড় বাজার।

এই বাজারের ব্যবসায়ীরা ঝিনাইদহ শহরে মোকাম করতে পারছেন না। যারা করছেন তাদেরও শৈলকুপা শহর হয়ে ঝিনাইদহ যেতে হচ্ছে। এতে তাদের অতিরিক্ত ৩০ কিলোমিটার ঘুরতে হচ্ছে। তারা দূর্গাপুর হয়ে ঝিনাইদহ গেলে মাত্র ১৫ কিলোমিটার পথ পাড়ি দিলেই যেতে পারে। এলাকায় উৎপাদিত কৃষি পন্য সহজে বাজারজাত করতে পারছেন দুই কিলোমিটার রাস্তার জন্য। এ বিষয়ে তারা একাধিকবার ঝিনাইদহ এলজিইডি অফিসে যোগাযোগ করেছেন, কিন্তু রাস্তাটি সংষ্কারের কোনো উদ্যোগ গ্রহন করা হয়নি।

এ বিষয়ে ঝিনাইদহ এলজিইডি’র নির্বাহী প্রকৌশলী মোঃ মনোয়ার হোসেন জানান, এই রাস্তাটি সংষ্কারের জন্য কয়েক দফা উচ্চ পর্যায়ে লিখেছেন। কিন্তু এখনও বরাদ্ধ পাননি। আবারো বিষয়টি নিয়ে উচ্চ পর্যায়ে যোগাযোগ করবেন বলে তিনি জানান। বরাদ্ধ পেলেই দ্রæত মেরামতের ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন ওই কর্মকর্তা।

ঝিনাইদহে শোকাবহ আগস্টে নিহতদের স্মরণে ছাত্রলীগের আলোচনা সভা

১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের স্মরণে ছাত্রলীগের উদ্যোগে ঝিনাইদহে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
সোমবার দুপুরে জেলা শিল্পকলা একাডেমীতে বাংলাদেশ ছাত্রলীগ, ঝিনাইদহ জেলা শাখা এ অনুষ্ঠানের আয়োজন করে।
জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভাচুয়ালি উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই।
প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর মেয়র সাইদুল করিম মিন্টু। জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল এর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ভার্চুয়ালী উপস্থিত ছিলেন, বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি আল-

নাহিয়ান খান জয়, সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য। এছাড়াও বক্তব্য রাখেন জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৈয়ব আলী জোয়ার্দ্দার, নজরুল ইসলাম, আশফাক মাহমুদ জন, জাহাঙ্গীর হোসাইন, শাকিল আহম্মেদসহ অন্যান্যরা।
এসময় বক্তারা বলেন, জাতির জনকের আত্মত্যাগ থেকে শিক্ষা নিয়ে সেটা নিজেদের জীবনে বাস্তবায়ন করতে হবে। তার আদর্শকে বুকে লালন করে সোনার বাংলা গড়তে প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করতে হবে।

ঝিনাইদহে বাড়িঘর ভাংচুর, লুটপাট ও অগ্নিসংযোগের অভিযোগে সংবাদ সম্মেলন

ঝিনাইদহ সদর উপজেলার গোয়ালপাড়া পুটিয়া গ্রামে দু’পক্ষের সংঘর্ষে একজন নিহত হওয়ার ঘটনাকে পুঁজি করে প্রতিপক্ষের বাড়িঘর ভাংচুর, লুটপাট ও অগ্নিসংযোগের অভিযোগ উঠেছে।
সোমবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন ভুক্তভোগি কয়েকটি পরিবার।
এসময় তারা অভিযোগ করে বলেন, গত ২৯ জুলাই পুটিয়া গ্রামে মসজিদে নামাজ পড়ার সময় আকামত দেওয়াকে কেন্দ্র করে মুসল্লীদের মাঝে বাক-বিতন্ডা হয়। এরই জের ধরে পরদিন উভয়পক্ষের মধ্যে সংঘর্ষ হয়। এতে মোদাচ্ছের হোসেন নামের এক ব্যাক্তি নিহত হয়। এ ঘটনাকে কেন্দ্র করে ওই গ্রামের মিলন-বিপুল বাহিনী গ্রামে লুটপাট, ভাংচুর চালিয়ে যাচ্ছে। এখন পর্যন্ত ওই গ্রামের কমপক্ষে ৭০ টি বাড়ি ঘর ভাংচুর ও লুটপাট করা হয়েছে। তাদের অভিযোগ, গ্রামে মিলন-বিপুল বাহিনীর অত্যাচারে গ্রামের ৫০ টির অধিক পরিবার নির্দোষ হওয়া স্বত্তেও বাড়ি-ঘর ছেড়ে পালিয়ে মানবেতর জীবনযানপন করছে।
সংবাদ সম্মেলন থেকে বলা হয়, নিহত হওয়ার ঘটনায় তার স্ত্রী বাদি হয়ে ঝিনাইদহ সদর থানায় একটি মামলা দায়ের করে। যে মামলায় আসামীরা আদালতে আত্মসমর্পণ করে। কিন্তু তারপরও থেমে নেই অত্যাচার। তাই এ অত্যাচার নিপীড়ন বন্ধে সরকারের সংশ্লিষ্ট মহলের হস্তক্ষেপ কামনা

করেন তারা। সংবাদ সম্মেলনের ভুক্তভোগী রজব আলী, যুমনা বেগম, লালমতি খাতুন, কবির হোসেন, বিউটি আক্তার, রোকেয়া খাতুনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে কথিত সাংবাদিক দম্পতির প্রতারণার বিচার চেয়ে ভুক্তভোগী নারীর সংবাদ সম্মেলন

ঝিনাইদহে সাংবাদিক পরিচয়দানকারী এক প্রতারক ও তার স্ত্রীর প্রতারণা থেকে বাঁচতে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগী নারী। সোমবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এ সংবাদ সম্মেলন করেন এই ভুক্তভোগি নারী স্বপ্না কর্মকার।
তিনি অভিযোগ করেন, ঝিনাইদহ শহরের চাকলা পাড়ায় সাম্স আরেফীন অনু নামের এক প্রতারক নিজেকে সাংবাদিক পরিচয় দিয়ে তার স্বামীর সাথে বন্ধুত্ব গড়ে তোলে। বিভিন্ন সময় ওই প্রতারক তাদের বাড়িতে আসত। বাড়িতে আসার সুযোগে স্বপ্নাকে সরাসরি ও মোবাইলে নানা কু- প্রস্তাব দিয়ে আসছিল। পারিবারিক সম্পর্কের কারণে তাদের কাছ থেকে ১ লাখ ৬৮ হাজার টাকাও ধার নেয় ওই প্রতারক সামস আরেফীন অনু। সর্বশেষ কুপ্রস্তাবে রাজী না হওয়ায় স্বপ্না কর্মকারের স্বামী সনৎ কর্মকারের নামে আদালতে মিথ্যা মামলা দায়ের করেছে।
স্বপ্না কর্মকার বলেন, অনু একজন প্রতারক ও লম্পট। তার কু- প্রস্তাবে রাজী না হওয়ায় অনু ও তার স্ত্রী নুরুন্নাহার আমার স্বামীর বিরুদ্ধে মামলা দায়ের করেছে। আমরা ওই লম্পটের বিরুদ্ধে তদন্ত করে ব্যবস্থা গ্রহন এবং সেই সাথে মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানাচ্ছি।

ঝিনাইদহে আনসার ভিডিপি’র উদ্যোগে খাদ্য সহায়তা

মুজিববর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী’র মহাপরিচালক মেজর জেনারেল মিজানুর রহমান শামীম, বিপি, ওএসপি, এনডিসি, পিএসসি’র নির্দেশনায় দেশব্যাপী প্রতিটি উপজেলায় আনসার ভিডিপির অসচ্ছল সদস্য-সদস্যাদের মাঝে খাদ্য সহায়তার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই অংশ হিসেবে আজ সকাল সাড়ে ১০ টায় ঝিনাইদহ আনসার ও ভিডিপি কার্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দুরত্ব বজায় রেখে সদর উপজেলার আনসার ভিডিপির সদস্য-সদস্যাদের মাছে খাদ্য সহায়তা প্রদান করা হয়। ঝিনাইদহের ০৬ উপজেলায় কর্মকর্তাদের মাধ্যমে অনুরূপ ৩০ জন পুরুষ ও ৩০ জন নারী সদস্য করে মোট ৩৬০ জন আনসার ভিডিপি সদস্য এই সহায়তা পাচ্ছেন।

ঝিনাইদহ জেলা কার্যালয়ে সদস্যদের হাতে খাদ্যের প্যাকেট তুলে দিয়ে কর্মসূচির উদ্বোধন করেন আনসার ভিডিপি’র উপপরিচালক ও ঝিনাইদহ জেলা কমান্ড্যান্ট মোঃ আশিকউজ্জামান। এসময় আরো উপস্থিত ছিলেন সদর উপজেলা আনসার ভিডিপি কর্মকতা মোঃ ফরহাদ, ট্রেনিং ইন্সট্রাক্টর সোনালী খাতুন, সাগর হোসেন ও রাষ্ট্রপতি পদকপ্রাপ্ত ভিডিপি সদস্য মিরাজ জামান রাজ সহ বাহিনীর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও সদস্যবৃন্দ।

হরিণাকুণ্ডুতে জাতীয় মৎস্য সপ্তাহ পালন উপলক্ষে মতবিনিমিয়

সভা

সারা দেশের ন্যায় ঝিনাইদহের হরিণাকুণ্ডু ২৮ আগস্ট থেকে ৩ সেপ্টেম্বর পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ—২০২১ শুরু হয়েছে।
এ দিবসের প্রতিপাদ্য “বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দূর করি” এই শ্লোগানকে সামনে রেখে জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে হরিণাকুণ্ডুর প্রান্তিক মৎস্যচাষী ও মৎস্যজীবীদের সাথে এক মতবিনিময় ও প্রামাণ্যচিত্র প্রদর্শণী সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য অধিদপ্তরের আয়োজনে এ মতবিনিময় সভা ও প্রামাণ্যচিত্র প্রদর্শণী অনুষ্ঠিত হয়।
এসময় উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা, উপজেলা মৎস্য কর্মকর্তা মেজবাহুল জান্নাত, উপজেলা প্রকল্প কর্মকর্তা জামাল হুসাইন প্রেসক্লাব সভাপতি সাইফুজ্জামনসহ উপজেলার ইলেকট্◌্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ।
মতবিনিময় সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা মেজবাহুল জান্নাত ২৮ আগস্ট থেকে ৩ সেপ্টেম্বর পর্যন্ত উপজেলা ভিত্তিক জাতীয় মৎস্য সপ্তাহের বিভিন্ন কর্মসূচী ও মাছের পোনা অবমুক্ত করণের সূচী চিত্র প্রদর্শণী তুলে ধরেণ।

ঝিনাইদহে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে মাছের পোনা অবমুক্ত করণ ও মতবিনিময় সভা

বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দূর করি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় মৎস্য সপ্তাহ শুরু হয়েছে।
জেলা মৎস্য দপ্তরের আয়োজনে শনিবার সকালে শহরের ধোপাঘাটা ব্রীজ এলাকার নবগঙ্গা নদীতে মাছের পোনা অবমুক্ত করা হয়। পোনা অবমুক্ত করেণ ঝিনাইদহ—২ আসনের সংসদ সদস্য তাহ্জীব আলম সিদ্দিকী সমি। এসময় ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, উপজেলা

নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা গোলাম সরওয়ারসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
দুপুরে জেলা মৎস্য ভবনে সাংবাদিকদের সাথে মতিবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় জেলা মৎস্য কর্মকর্তা আলফাজ উদ্দিন শেখ, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলন থেকে ঝিনাইদহে জাতীয় মৎস্য সপ্তাহের নানা কর্মসূচী সম্পর্কে সংবাদকমীর্দের অবহিত করা হয়। শনিবার থেকে শুরু হওয়া এ সপ্তাহ চলবে আগামী ৩ সেপ্টেম্বর পর্যন্ত।

ঝিনাইদহে মৃত পরিবহন শ্রমিকদের পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদান

ঝিনাইদহে মৃত পরিবহণ শ্রমিকদের পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদাণ করা হয়েছে।শনিবার সকালে জেলা বাস,মিনিবাস,কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের কার্যালয়ে এ সহযোগিতা প্রদাণ করা হয়।

জেলা বাস,মিনিবাস,কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের সভাপতি ওয়ালিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি।

এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরন,শ্রমিক লীগের সভাপতি আক্কাচ আলী,সাধারণ সম্পাদক একরামুল হক লিকু,বাস মিনিবাস মালিক সমিতির সাবেক সভাপতি রোকনুজ্জামান রানু,জেলা স্বেচ্ছাসেবক লীগের সাংগঠনিক সম্পাদক আবু সাঈদ বিশ্বাস,শ্রমিক নেতা আশরাফুজ্জামান খোকন, আবু সাঈদসহ অন্যান্যরা।

পরে শ্রমিক ইউনিয়নের মৃত ২৩ জন সদস্য’র পরিবারের মাঝে ৮ লাখ ২৫ হাজার টাকা বিতরণ করা হয়।

হাসপাতালে অক্সিজেন সিলিন্ডার দিলেন হরিণাকুণ্ডু পল্লী সঞ্চয় ব্যাংক

কোভিড-১৯ এর ভয়াবহ সময়ে, করোনা রোগীদের পাশে দাড়াতে এবার এগিয়ে এলো পল্লী সঞ্চয় ব্যাংক। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৬ তম শাহাদত বার্ষিকীতে, সারাদেশের ন্যায় ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পল্লী সঞ্চয় ব্যাংক এর পক্ষ থেকে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে তরল অক্সিজেন সরবরাহ করা হয়। বুধবার (২৫ আগষ্ট) সকালে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তাদের হাতে এসব সিলিন্ডার হস্তান্তর করা হয়। এসময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গির হোসাইন, উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ জামিনুর রশিদ, হরিণাকুণ্ডু পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা আরিফুজ্জামান, জুনিয়র অফিসার রিতা বিশ্বাস, ফিল্ড অফিসার রকিবুল ইসলাম রাজনসহ ইলেকট্রনিক্◌্র ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ।
এসময় পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা আরিফুজ্জামান বলেন করোনার মহামারী অবস্থায় অসহায় মানুষের পাশে দাঁড়ানোর অংশ হসেবে অক্সিজেন সিলিন্ডার দেয়া হয়েছে।

ঝিনাইদহে মহাসড়ক অবরোধ করলেন বাস শ্রমিকরা

ইজিবাইক আটক ও টাকা আদায়ের অভিযোগে বৃহস্পতিবার ঝিনাইদহ বাস মালিক ও শ্রমিক ইউনিয়নের দুই সদস্য আটক করে পুলিশ। এ ঘটনার প্রতিবাদে মহাসড়ক অবরোধ করে বাস শ্রমিকরা। বৃহস্পতিবার বেলা

১২টা থেকে এ সড়ক অবোরধ করা হয়। এতে ঝিনাইদহের সাথে মাগুরা, যশোর, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়াসহ সারা দেশের যান চলাচল প্রায় দু’ঘন্টা বন্ধ থাকে। ফলে যাত্রী সাধারনরা পড়ে চরম দুর্ভোগে। প্রায় দু’ঘন্টা সড়ক অবরোধের পর জেলা প্রশাসন ও পুলিশের আশ্বাসে সড়ক অবরোধ তুলে নেয় শ্রমিকরা। অভিযোগ পাওয়া গেছে, জলো শহরের বিভিন্ন প্রবেশ মুখে বাস মালিক সমিতি ও বাস মিনিবাস শ্রমিক ইউনিয়নের নেতারা তল্লাসী বসিয়ে ইজিবাইক আটক করে।

আটককৃত ইজিবাইক ধরে মালিক সমিতির অফিসে এনে টাকা নিয়ে ছেড়ে দেওয়া হয়। এমন অভিযোগ করেন গ্রাম থেকে আসা ইজিবাইক চালকরা। একাধিক ইজিবাইক চালক অভিযোগ করেন তারা রোগী নিয়ে বা গ্রাম থেকে বৃদ্ধ মানুষদের টিকা দিতে ঝিনাইদহ শহরে প্রবেশের সময় তাদের ইজিবাইক আটক করে টাকা আদায় করা হয়।

প্রতিদিনি এভাবে হাজার হাজার টাকা ওঠানো হলেও আইনশৃংখলা রক্ষাকারী বাহিনী কোন পদক্ষেপ গ্রহন করে না বলে অভিযোগ। সাবেক পুলিশ সুপার হাসানুজ্জামান এ ধরণের চাঁদাবাজী ও শ্রমিক বিট সব বন্ধ করে দিলেও তা আবার চালু হয়েছে। জেলা ট্রাফিক পুলিশ এর ধৈতা নিয়ে প্রশ্ন তুলেছে। ট্রাফিক পরিদর্শক সালাউদ্দীন এ বিষয়ে জানান, একমাত্র পুলিশ ছাড়া কারো যানবাহন আটক করার রাইট নাই। যারা করেন তারা অবৈধ ভাবে করেন। তিনি বলেন বৃহস্পতিবার আসলে কি ঘটনা ঘটেছিল তা সম্পর্কে তিনি অবগত নন।

ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার জানান, ইজিবাইক আটকের ক্ষমতা শ্রমিকদের নেই। যদি আইনশৃংখলা কমিটির রেজুলেশন থাকে তবেই বৈধতা পাবে। তার আগে ইজিবাইক আটক বা টাকা আদায় করা যাবে না। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা জানান, এ বিষয়ে জেলা প্রশাসক একটি সমাধান দিয়েছেন। কোন সংগঠন বিট বসিয়ে যানবাহন আটক করতে পারবে না। ঝিনাইদহ বাস মিনিবাস শ্রমিক ইউনিয়নের সভাপতি ওয়ালিয়ার রহামান জানান, শহরের চুয়াডাঙ্গা বাস স্টান্ডে ইজি বাইকে যাত্রী উঠানো নিয়ে ইজি বাইক ও বাস শ্রমিকের মধ্যে বাকবিতান্ডার সৃষ্টি হয়। এক পর্যায়ে পুলিশ বাস মালিক সমিতির নেতা শান্তি কুমার দাস ও শ্রমিক নেতা ইমরান হোসেনকে আটক করে।

আটকের খবর ছড়িয়ে পড়লে শহরের আরাপপুর, টার্মিনাল, বাইপাস ও চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ডে অবস্থান নেয়। পরে শ্রমিকদের পুলিশ ছেড়ে দিলে দুই ঘন্টা পর অবরোধ তুলে নেওয়া হয়। ঝিনাইদহ সদর থানার ওসি

শেখ মো: সোহেল রানা বলেন, শ্রমিকদের সাথে পুলিশের একটু ভুলবোঝাবুঝি হয়েছিল। আলোচনার এক পর্যায়ে উভয় পক্ষের সমঝোতার মাধ্যমে তাদের ছেড়ে দেওয়া হয়। পরে তারা সড়ক অবরোধ তুলে নেয়।